



তথ্যবিবরণী

নম্বর: ২৮

## বঙ্গবন্ধুর ঐতিহাসিক স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষ্যে ময়মনসিংহে আলোচনা সভা অনুষ্ঠিত

ময়মনসিংহ, ২৬ পৌষ (১০ জানুয়ারি):

বঙ্গবন্ধুর ঐতিহাসিক স্বদেশ প্রত্যাবর্তন দিবসকে যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন উপলক্ষ্যে আজ বিকেলে ময়মনসিংহের টাউন হল ময়দানে এক আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। বাংলাদেশ আওয়ামী লীগ, ময়মনসিংহ জেলা শাখার আয়োজনে বিকাল ৩.০০টা থেকে উক্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গৃহায়ন ও গণপূর্ত প্রতিমন্ত্রী শরীফ আহমেদ।

প্রধান অতিথি তার বক্তব্যে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তনকে স্বাধীনতার পূর্ণতাপ্রাপ্তির সাথে তুলনা করেন। তিনি বলেন, আমাদের মহান মুক্তিযুদ্ধে বিজয়ের পূর্ণতা ঘটেছে ১০ জানুয়ারি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তনের মধ্য দিয়ে। ইতিহাসে আওয়ামী লীগের অবদানের কথা স্মরণ করে প্রতিমন্ত্রী এসময় বলেন, আওয়ামী লীগ এদেশের ইতিহাসের প্রতিটি তাৎপর্যপূর্ণ আন্দোলন সংগ্রামে সফল নেতৃত্ব দিয়েছে। যোগ্য নেতৃত্বের মাধ্যমে আওয়ামী লীগ বাঙালি জাতির অধিকার আদায় করেছে।

প্রতিমন্ত্রী বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবসে বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্বদেশ প্রত্যাবর্তনের স্মৃতিচারণ করেন। তাঁর সফল নেতৃত্বে দেশ এগিয়ে যাচ্ছে, করোনা মোকাবিলায় দেশ উল্লেখযোগ্য সাফল্য অর্জন করেছে, এমনটা উল্লেখ করেন প্রতিমন্ত্রী।

বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষ্যে অনুষ্ঠিত আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ময়মনসিংহ সিটি কর্পোরেশনের মেয়র মো. ইকরামুল হক টিটু, ময়মনসিংহ জেলা পরিষদের চেয়ারম্যান অধ্যাপক ইউসুফ খান পাঠান, বাংলাদেশ আওয়ামী লীগ ময়মনসিংহ মহানগর শাখার সাধারণ সম্পাদক মোহিত উর রহমান শান্ত এবং ময়মনসিংহ সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান আশরাফ হোসাইন। বাংলাদেশ আওয়ামী লীগ ময়মনসিংহ জেলা শাখার সাধারণ সম্পাদক এডভোকেট মোয়াজ্জেম হোসেন বাবুলের সঞ্চালনায় অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ আওয়ামী লীগ ময়মনসিংহ জেলা শাখার সভাপতি এহতেশামুল আলম।

আলোচনা সভা শেষে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

#

রিদওয়ান/ফয়সাল/মনির/সজিব/২০২২/১৮.৩০ ঘণ্টা